126

দৈনিক সংবাদ

তারিখ ... 13 JUL 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ৪

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# কলেজের ছাদে পরীক্ষা

চাঁদপুর ১২ই জুলাই (নিজস্ব সংবাদদাতার ফোন)।– জেলার মতলব ডিগ্রিকলেজে বন্যার পানি ঢুকে পড়ায় পরীক্ষা কেন্দ্রটি জলমগ্ন হয়ে পড়েছে। কর্তৃপক্ষ বিকল্প ব্যবস্থা হিসেবে আগামীকাল বৃহস্পতিবার ইংরেজি ২য় পত্রের পরীক্ষা ওই কলেজ ভবনের ছাদে নেয়ার ব্যবস্থা করেছে। ছাত্রছাত্রীদের বসার জন্য বেঞ্চগুলো ভবনের ছাদে উঠানো হয়েছে।

পরীক্ষা ঃ পৃঃ ২ কঃ ৮

## পরীক্ষা ঃ ছাদে

( ১ম পৃষ্ঠার পর )

রোদ ও বৃষ্টির হাত থেকে রক্ষার জন্য মাথার ওপর ত্রিপলের ব্যবস্থা করা হয়েছে। পরীক্ষা কেন্দ্রের আশেপাশের কোথাও পরীক্ষা নেয়ার ব্যবস্থা করা সম্ভব না হওয়ায় ছাদে পরীক্ষা নেয়ার ব্যবস্থা করা হয়েছে।